

ছড়া

এত আলোর সংকেতনে ক্লান্ত শুধু তোমার চোখই ?
নিজের কাছে রাখবে ভাবো নিজের দুঃখ আনন্দ কি ?
সেইটে এখন হবার না আর
সেইটে তো আজ হবার না ।
চেয়েছিলে অল্প সময় একটুখানি চুপ করতে ?
নিজের মতো বাঁচতে তুমি চাচ্ছিলে কি নিঃশর্তে ?
সেইটে তো হবার না ঠিক
সেইটে এখন হবার না ।
ভাবছিলে কি বন্ধু হবে রাত্রিবেলার জ্যোতিষ্করা ?
সাঙ্গ হবে তৈরি-আলোর সর্বনাশে মিথ্যে ঘোরা ?
সেইটে তো হবার না আজ
সেইটে এখন হবার না ।

শঙ্খ ঘোষ

